**BENGALI (Code-105)**
**SAMPLE QUESTION PAPER**
**CLASS –XII-(2025-26)**

**TIME- 3 HOURS** **MAXIMUM MARKS- 80**

**General Instructions:**

1. The question paper contains 13 printed pages.

2. The question paper contains 17 questions.

3. The question paper is divided into two Parts

PART – A: Objective type paper (MCQ): 25 Marks

PART – B: Descriptive paper: 55 Marks

PART – A has three sections:

Section – A: Reading (Unseen Comprehension): 10 Marks

Section – B: Grammar: 05 Marks

Section – C: Main Course Book: 10 Marks

PART- B has three section

Section – B: Grammar: 08 Marks

Section-C: Supplementary Reader/ Non-detailed Text: 35 Marks

Section – D: Creative Writing: 12 Marks

**Class – XII (2025 – 2026)**

**Subject – Bengali**

**সময়– ৩ঘণ্টা** **সর্বমোট অঙ্ক - ৮০**

**Time : 3 Hours.** **Maximum Marks: 80**

## PART A: Objective Type Questions (MCQ)

## SECTION- A( Reading)

## (Unseen Comprehension)

1. নীচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: 2x(1X5)=10

বিশ্বভারতীর শিক্ষাপ্রাঙ্গণের যা কোর এরিয়া, তার ছত্রিশ হেক্টর জমিকেই ঐতিহ্য ক্ষেত্রের স্বীকৃতি দিয়েছে ইউনেস্কো। এর মধ্যে শান্তিনিকেতনের আশ্রম, উত্তরায়ণ, কলাভবন, সংগীত ভবন প্রাঙ্গণ রয়েছে। রবীন্দ্র– সার্ধশতবর্ষের আশেপাশে প্রথম শান্তিনিকেতনের স্বীকৃতির জন্য তোড়জোড় শুরু হয়। তবে তখন কোন্ এলাকাটি নিয়ে ঐতিহ্য– ক্ষেত্র তক্মার দাবি জানানো হবে তা চূড়ান্ত করা যায়নি। ১৯০১ সালে শান্তিনিকেতনে স্কুল শুরু করেন রবীন্দ্রনাথ।

১৯২১ সালে প্রতিষ্ঠা বিশ্বভারতীর। ১৯৫১ সালে তা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের মর্যাদা পায়। শান্তিনিকেতনের স্থাপত্যে প্রাচ্যের মৌলিকতা দেখেছে ইউনেস্কো। রবীন্দ্র ভাবনা ও সাহিত্যের ছায়ায় ঘরবাড়ি, চিত্রকলা, গৃহসজ্জার সঙ্গে নিসর্গের বিন্যাস ইউনেস্কোর শর্ত পূরণ করেছে। রবীন্দ্র অগ্রজ সত্যেন্দ্রনাথ ঠাকুরের প্রপৌত্র সুপ্রিয় ঠাকুর বলেন, "খুব আনন্দের বিষয় কিন্তু আমার মনে হয় এর সঙ্গে একটা দায়িত্বের দিকও রয়েছে।"

ইতিহাসবিদ তথা রবীন্দ্র গবেষক উমা দাশগুপ্ত বলেন, ' রবীন্দ্রনাথ নিজে বরাবর সারা বিশ্বকে শান্তিনিকেতনে আহ্বান করেছেন। ক্ষিতিমোহন সেন কে চিঠিতে লিখেছেন, সমস্ত বিশ্ববাসীকে ভালোবেসে গ্রহণ করায় শান্তিনিকেতনের আশ্রমিকদের দায়িত্বের কথা। রবীন্দ্রনাথের বিশ্ববোধের স্মারক শান্তিনিকেতনে এই বিশ্ব স্বীকৃতি এল।" বিশ্বে আর কোনও বিশ্ববিদ্যালয় নেই যাকে হেরিটেজ ঘোষণা করা হলো অথচ সেখানে আজও পঠন পাঠন চলছে। সেই দিক থেকে এটা কিন্তু একমেবাদ্বিতীয়ম ।

I. সুপ্রিয় ঠাকুরের মতে, ইউনেস্কো কর্তৃক বিশ্বভারতীর নির্দিষ্ট কিছু জায়গাকে ঐতিহ্য ক্ষেত্রের স্বীকৃতি প্রদানে 'আনন্দের' সঙ্গে জড়িয়ে আছে –

A. একটা গৌরবের দিক B. একটা শ্রদ্ধার দিক

C. একটা দায়িত্বের দিক D. একটা সম্মানের দিক

II. মন্তব্য: বিশ্বভারতী শিক্ষা প্রাঙ্গণটিকে বিশ্ব ঐতিহ্যক্ষেত্র হিসেবে ইউনেস্কোর চিহ্নিত করার বিষয়টি 'একমেবাদ্বিতীয়ম'–

কারণ:  বিশ্বের আর কোন বিশ্ববিদ্যালয় নেই যাকে হেরিটেজ ঘোষণা করা হল অথচ যেখানে আজও পঠন পাঠন চলছে।

মন্তব্য ও কারণ বিষয়ে সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো:

A. মন্তব্য, কারণ- দুটিই ঠিক

B . মন্তব্য, কারণ- দুটিই ভুল

C. মন্তব্য সত্য হলেও কারণ মিথ্যে

D. মন্তব্য মিথ্যে,  কারণ সত্য

III. রবীন্দ্র ভাবাদর্শের শিক্ষা-প্রাঙ্গণ শান্তিনিকেতনের ঐতিহ্য ক্ষেত্র হিসাবে ইউনেস্কোর স্বীকৃতি লাভের কারণ-

A.বিশ্বভারতীর পঠন পাঠন পদ্ধতি খুবই প্রাসঙ্গিক মনে করে ইউনেস্কো

B. রবীন্দ্র ভাবনা ও সাহিত্যের ছায়ায় ঘরবাড়ি, চিত্রকলা, গৃহসজ্জার সঙ্গে নিসর্গের বিন্যাস ইউনেস্কোর শর্ত পূরণ করছে

C. ভারতবর্ষীয় উপনিষদিক ভাবধারা বিশ্বভারতীতে প্রচলিত বলে মনে করে ইউনেস্কো

D.রবীন্দ্র ভাবধারা অনুগামী একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়কে সম্মান প্রদান উচিত বলে মনে করে ইউনেস্কো

IV.বিশ্বভারতীর শিক্ষা প্রাঙ্গণের কোর এরিয়া, তার ছত্রিশ হেক্টর জমিকেই ঐতিহ্য ক্ষেত্রের স্বীকৃতি দিয়েছে ইউনিস্কো।  এর মধ্যে যেটি অন্তর্ভুক্ত নয় সেটি হল-

A. সোনাঝুরি  B. উত্তরায়ণ

C. কলাভবন  D. সংগীত ভবন

V. ‘ গ্রহণ’ শব্দের বিপরীত শব্দ হলো-

A. আমন্ত্রণ  B.বিসর্জন

C.আবাহন  D. বর্জন

B.  পৃথিবীর প্রতিটি প্রান্তের বাঙালির কাছে একুশে ফেব্রুয়ারি অত্যন্ত গর্বের একটি দিন। কারণ ভাষার অধিকার প্রতিষ্ঠার জন্য আন্দোলন ও আত্মদানের এক অনন্য নজির তৈরি হয়েছে এই দিনটিতেই। একটি ভাষার স্বাধিকার প্রতিষ্ঠার জন্য এই লড়াই বাঙালির জাতিসত্তাকে এক অনন্য মহিমা ও উচ্চতায় পৌঁছে দিয়েছে। ১৯৪৭ সালে ভারত ভাগ হয়ে পাকিস্তান গঠিত হওয়ার পর বাংলাদেশের এক বিস্তীর্ণ অংশ পাকিস্তানের অন্তর্ভুক্ত হয়ে তৈরি হয় পূর্ব পাকিস্তান। ধর্ম বাদ দিলে ভাষা, সংস্কৃতি, জীবনধারা –কোনো কিছুতেই পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে মিল ছিল না। কিনতু চার কোটি চল্লিশ লক্ষ মানুষের আবেগকে মর্যাদা না দিয়ে পাকিস্তান সরকার উর্দুকে রাষ্ট্রভাষা হিসাবে ঘোষণা করে। পাকিস্তানের পাবলিক সার্ভিস কমিশন তার বিষয় তালিকা থেকে বাংলাকে বাদ দেয়, কারেন্সি নোট ও স্ট্যাম্প থেকে বাংলাকে মুছে দেওয়া হয়। পূর্ব পাকিস্তানের ছাত্র-শিক্ষক-বুদ্ধিজীবী থেকে শুরু করে সাধারণ মানুষ প্রতিবাদে গর্জে ওঠে। আবুল কাসেমের নেতৃত্বে প্রতিবাদ সংগঠিত হয়। পরিস্থিতি তীব্রতর হয়ে ওঠে যখন ১৯৫২ সালের ৩০’জানুয়ারি জানিয়ে দেওয়া হয়, উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা। এরপরেই সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদের পক্ষ থেকে ২১শে ফেব্রুয়ারি দিনটিকে রাষ্ট্রভাষা দিবস হিসাবে পালনের সিদ্ধান্ত

নেওয়া হয়। আন্দোলনে পুলিশের গুলিতে শহীদ হন সালাম, রফিক ও আরো অনেকে। অবশেষে ১৯৫৬ সালের ২৯'ফেব্রুয়ারি পাকিস্তান সরকার সংবিধান সংশোধন করে বাংলাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিতে বাধ্য হন। ১৯৯৯ সালে ইউনেস্কো দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দেয়। তাই ২১'ফেব্রুয়ারি বাঙালির কাছে অনির্বাণ প্রেরণার শিখা।

I. একুশে ফেব্রুয়ারি বাঙালির কাছে গর্বের দিন, কারণ -

A. বাংলা ভাষার স্বাধিকার প্রতিষ্ঠার জন্য মানুষের লড়াই এক দৃষ্টান্ত তৈরি করেছে এই দিনটিতে

B. এই দিনটিতে ইউনেস্কো বাংলা ভাষাকে পৃথিবীর অন্যতম মিষ্টভাষা বলে ঘোষণা করে

C. এই দিনটিতে সুদূর কানাডায় বিদ্যালয় শিক্ষার পাঠ্যক্রমে বাংলা ভাষা অন্তর্ভুক্ত হয়

D. এই দিনটিতে বাংলাদেশে বাংলা ভাষাকে আবশ্যিক পাঠ্য বিষয়ের মর্যাদা দেওয়া হয়

II . পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে যেসব ক্ষেত্রে মিল ছিল না, সেগুলি হল –

A. ধর্ম, ভাষা ও সংস্কৃতি

B. জীবনধারা, ভাষা ও সংস্কৃতি

C. ধর্ম, জীবনধারা ও সংস্কৃতি

D. ভাষা, ধর্ম ও জীবনধারা

III. পূর্ব পাকিস্তানে মানুষের প্রতিবাদ সংগঠিত হয় –

A. আরাবুল কাসেমের নেতৃত্বে

B. আবুল হাসানের নেতৃত্বে

C. আবদুল ইসলামের নেতৃত্বে

D. আবুল কাসেমের নেতৃত্বে

IV. কার্য : পাকিস্তান সরকার উর্দুকে রাষ্ট্রভাষা হিসাবে ঘোষণা করেন

কারণ (ক): তিনি সেখানের মানুষের প্রতিজ্ঞাকে অস্বীকার করেন

কারণ (খ): তিনি সেখানের মানুষের আবেগকে অস্বীকার করেন

কার্য ও কারণ বিষয়ে সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো:

A. কারণ (ক)ঠিক, (খ) ভুল

B. কারণ (ক)ভুল, (খ) ঠিক

C. কারণ (ক)ও (খ)-দুটোই ভুল

D. কারণ (ক) ও (খ)-দুটোই ঠিক

V. 'অত্যন্ত'- সন্ধি বিচ্ছেদ করলে হয় -

A. অতী+আন্ত B. অত্য +অন্ত

C. অতি+অন্ত D. অতি + আন্ত

**SECTION- B( Grammar)**

2.যে কোনো পাঁচটি বাগধারা/প্রবাদের সঠিক উত্তর নির্বাচন করে লেখো:(MCQ) 1X5=5

I. 'অপদার্থ ' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হয়?

A. উভয় সংকট B. তাসের ঘর

C. অকালকুষ্মাণ্ড D. কেঁচেগণ্ডূষ

II. রমা শিক্ষিত- সচেতন মেয়ে , সে গড্ডলিকা প্রবাহে গা ভাসাবে না। এখানে ' গড্ডলিকা প্রবাহ' বাগধারাটি যে অর্থে ব্যবহৃত হয়েছে তা হল -।

A. প্রবল জলপ্রবাহ B. অন্ধভাবে অগ্রগামীর অনুগমন

C. পার্বত্য নদী প্রবাহ D. পার্শ্ববর্তীর সঙ্গে গমন

III. 'প্রচ্ছন্ন প্রতিভা' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হয়?-

A. ছাই চাপা আগুন B. তীর্থের কাক

C. কূপমণ্ডূক D. ঠোঁট কাটা

**CBQ** IV. নীচের কোন্ বাক্যে 'আঠারো মাসে বছর' প্রবচনটির সঠিক প্রয়োগ হয়েছে?

A.হরিদা কোনদিনই ঠিক সময়ে অফিসে পৌঁছাতে পারেন না কারণ তাঁর আঠারো মাসে বছর

B. আঠারো মাসে বছর হলে তার পড়াশুনোর উন্নতি হবে

C. আমাদের চারপাশে কত মানুষ আঠারো মাসে বছর হয়ে বসে আছে

D. ছেলেটি খুব রাগী হলেও তার তো আঠারো মাসে বছর

V. এই বয়সে, এই বিদেশে রমেশবাবুর নাতিই তাঁর _______ । -- শূন্যস্থানে কোন্ বাগধারাটি বসবে?

A. অমাবস্যার চাঁদ B. ইঁচড়ে পাকা

C. কূপমণ্ডূক D. অন্ধের যষ্টি

VI. 'মুখে মিষ্টি অন্তরে বিষ' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হবে?

A. মুখের কথা B. দু মুখো সাপ

C. মিছরির ছুরি D. বালির বাঁধ

VII. 'পাকা ধানে মই' বাগধারাটির অর্থ –

A সর্বনাশের হাত থেকে রক্ষা করা B. সাফল্যের মুখে সর্বনাশ ঘটানো

C.সাফল্য পেতে সাহায্য করা D. মানুষের স্বভাবের বদল না হওয়া

VIII. এক মহৎ উদ্দেশ্যে পাড়ার ক্লাবের সব সদস্য মিলে যে সাংস্কৃতিক অনুষ্ঠান করার উদ্যোগ নিয়েছে তা সার্থকতা পেলে ভালো, না পেলেও ক্ষতি নেই। কথায় আছে______ । –শূন্যস্থানে কোন্ প্রবচনটি বসবে?

A. শক্তের ভক্ত নরমের যম

B. ধর্মের কল বাতাসে নড়ে

C. নাচতে না জানলে উঠোন বাঁকা

D. দশে মিলি করি কাজ হারি জিতি নাহি লাজ

## SECTION- C

## (Main Course Book)

3. **পাঠ্য নাটক** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো( যে কোনো পাঁচটি ) ( MCQ ): 1X5=5

I. 'তোমার বীণাটি পাড়ো ! গাও - স্বর্গ , মর্ত্যে নেমে আসুক'- কার প্রতি, কার এই উক্তি?

A. মহম্মদের প্রতি ঔরঙ্গজেবের

B. প্রেমিকার প্রতি রজনীকান্তের

C. রজনীকান্তের প্রতি কালীনাথের

D. পিয়ারাবানুর প্রতি সুজার

**CBQ** II. কার্য: গ্রিনরুমে ঘুমানোর বিষয়ে কালীনাথ রজনীকান্তকে মিথ্যে বলে না

কারণ(ক): রজনীকান্ত বামুন মানুষ, তাই

কারণ(খ): রজনীকান্তের প্রতি কালীনাথের ছিল গভীর শ্রদ্ধা, তাই

কার্য -কারণ বিষয়ে সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো :

A. কারণ (ক)ঠিক, (খ) ভুল

B. কারণ (ক)ভুল, (খ) ঠিক

C. কারণ (ক) ও (খ)-দুটোই ভুল

D. কারণ (ক) ও (খ)-দুটোই ঠিক

III. 'নানা রঙের দিন' নাটকে কতগুলি চরিত্র আছে?

A. পাঁচ B. দুই

C. তিন D. এক

IV. নাটকে প্রম্পটারকে কোন ভূমিকায় দেখা যায়?-

A. নাটকটি পরিচালনা করার ভূমিকায়

B. নাটকটি প্রযোজনা করার ভূমিকায়

C. অভিনেতাদের নিচু স্বরে পার্ট বলার ভূমিকায়

D. স্টেজে শব্দ প্রক্ষেপণ ঠিক রাখার ভূমিকায়

V. "কী আবোল তাবোল বকছেন বলুন তো ?"- এই 'আবোল তাবোল' বকা হচ্ছিল -

A. অমার্জিত ভঙ্গিতে B. থিয়েটারী ভাষায়

C. স্বগত ভঙ্গিতে D. উদ্ধত কন্ঠে

VI. “পাবলিক তো আপনাকে ভালবাসে চাটুজ্জেমশাই।”-এই ‘পাবলিক’ হল-

A. সাধারণ মানুষ
B. সংস্কৃতিপ্রেমী মানুষ
C. নাটকের সাধারণ দর্শক
D. নাটকের সাধারণ কলাকুশলী

4. **পাঠ্য সহায়ক পাঠ** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো (যে কোনো পাঁচটি) (MCQ): 1X5=5

I. কোথায় মারাত্মক অস্ত্রশস্ত্র তৈরি হতে লাগল ? -

A. পাড়ায় পাড়ায়
B. কামারশালায়
C. কারখানায়
D. ঘরে ঘরে

**CBQ** II. কার্য: চেংমান ছাতা নিতে দোমনা করে

কারণ(ক): তার হাতে পয়সা ছিল না

কারণ(খ): সে কারোর দানের জিনিস নিতে চায় নি

কার্য -কারণের প্রেক্ষিতে কোন্ কারণটি সঠিক?

A. কারণ (ক) ও (খ) দুটোই সঠিক

B. কারণ(ক)ভুল কিন্তু (খ) সঠিক

C. কারণ (ক) ও (খ) দুটোই ভুল

D. কারণ (ক)ঠিক, (খ) ভুল

III. গারোদের জীবনে ‘দুষ্টু শনি’ হল-

A. গোরাচাঁদ মাস্টার
B. জমিদার
C. মহাজন
D. ফেরিঘাটের মালিক

**CBQ** IV. কোলিয়ারি অঞ্চলের বস্তির ছোটো ছোটো উলঙ্গ শিশুদের দেখার কেউ নেই

কারণ (ক): তাদের মা -বাবা নেই

কারণ (খ): তাদের মা -বাবা দুজনেই কাজে গিয়েছে

ঠিক -ভুল বিষয়ে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:

A. কারণ (ক) ও (খ) দুটোই সঠিক
B. কারণ(ক)ভুল কিন্তু (খ) সঠিক
C. কারণ (ক) ও (খ) দুটোই ভুল
D. কারণ(ক)সঠিক কিন্তু(খ)ভুল

V. লেপচাদের কাছে 'সিধা নদী' হল –

A. মহানন্দা B. তোর্সা

C. তিস্তা D. ভাগীরথী

VI. জেলখানায় অভিজাত কয়েদিদের বলা হত–

A. দুয়োরানির ছেলে B. জমিদারের ছেলে

C. সুয়োরানির ছেলে D. মহারাজার ছেলে

**PART B: Descriptive Questions**

**SECTION- B (Grammar)**

5. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো একটির **একটি** উদাহরণসহ

সংজ্ঞা লেখো : (2+2)X1=4

স্বরভক্তি অথবা স্বরসঙ্গতি অথবা অভিশ্রুতি

6. শব্দার্থতত্ত্বের নিম্নলিখিত প্রকারভেদগুলির যে কোনো একটির **তিনটি** উদাহরণসহ

সংজ্ঞা লেখো : (2+2)X1=4

শব্দার্থের অপকর্ষ অথবা শব্দার্থের সম্প্রসারণ

**SECTION- C**

**Supplementary Reader/ Non-detailed Text**

7. "আমি কী তা দেখতে পাচ্ছিস নে ?"– 2+3=5

a. বক্তা কখন একথা বলে ?

**CBQ** b. এখানে বক্তার মাধ্যমে লেখকের কোন্ অভিপ্রায় প্রকাশ পেয়েছে বলে তুমি মনে করো?

**OR**

"আসল বাদাটার আর খোঁজ করা হয় না উচ্ছবের ।"–

a. উচ্ছবের পরিচয় দাও।

**CBQ** b. উচ্ছবের 'আসল বাদা' অনুসন্ধানের অসমাপ্ত বিষয়টির তাৎপর্য বুঝিয়ে লেখো ।

8. 'ফুটপাথ ধরে ঘুরে ঘুরে' মৃত্যুঞ্জয় কী প্রত্যক্ষ করে? 2

**CBQ** 9. 'দাঁতগুলো বের করে সে কামটের মতোই হিংস্র ভঙ্গি করে ।"- 3

'সে' কেন এমন হয়ে উঠেছিল তা বিশ্লেষণ করে বুঝিয়ে লেখো ।

**OR**

**CBQ** ' তা হোক । আমায় কিছু একটা করতেই হবে । '–এই উক্তির মাধ্যমে বক্তার চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে বলে তুমি মনে করো?

**CBQ** 10. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো: 5x1=5

"কেন তবে লেখা, কেন গান গাওয়া

কেন তবে আঁকাআঁকি?"

**OR**

"আমৃত্যুর দু:খের তপস্যা এ জীবন ।"

**CBQ** 11. "বহুদিন জঙ্গলে কাটে নি দিন"- কবির একথা বলার কারণ কী? 3

**OR**

"জানিলাম এ জগৎ
স্বপ্ন নয়"- কবির এই মন্তব্যের তাৎপর্য বুঝিয়ে লেখো।

12. "গলদের নিপাত করেছিল সিজার।"-- 2+3=5

a. উদ্ধৃতিটির ঐতিহাসিক প্রেক্ষাপট উল্লেখ করো ।

**CBQ** b. উদ্ধৃত অংশটিতে ঐতিহাসিক প্রেক্ষাপট উল্লেখের তাৎপর্য বুঝিয়ে দাও ।

**OR**

"পাতায় পাতায় জয়

জয়োৎসবের ভোজ বানাত কারা ?"-

a. 'জয়োৎসবের ভোজ' বলতে কী বোঝানো হয়েছে ?

**CBQ** b.'জয়োৎসবের ভোজ' যারা বানাত তাদের প্রতি কবির মনোভাব কী ?

13. "জীবনে ভোর নেই, সকাল নেই, দুপুর নেই,- সন্ধেও ফুরিয়েছে –এখন শুধু মাঝরাত্তিরের অপেক্ষা-''-- 2+3 =5

a. কে, কখন এই মন্তব্য করেন?

**CBQ** b. এর মধ্য দিয়ে বক্তার কোন্ মনোভাবের প্রকাশ ঘটেছে বলে তুমি মনে করো?

**OR**

"শিল্পকে যে মানুষ ভালোবেসেছে -তার বার্ধক্য নেই কালীনাথ,"-

a. বক্তা কখন এই মন্তব্যটি করেন ?
b. মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে লেখো ।

14. "ইচ্ছে করলেই কি যাওয়া যায়?"- 2+3=5

a. কে, কখন এই কথাটি বলে?

**CBQ** b. এই উক্তির মাধ্যমে বক্তার চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে বলে তুমি মনে করো?

**OR**

" অথচ আমরা সবাই বাংলাদেশেরই মানুষ ।-"-

a. 'আমরা' বলতে কাদের কথা বলা হয়েছে?

**CBQ** b. উদ্ধৃতিটির অন্তর্নিহিত অর্থ বিশ্লেষণ করে বুঝিয়ে লেখো।

15. 'হাতিবেগার আইন' আর চলল না কেন ? 2

**OR**

"পরদিন সকালে একেবারে অন্যরকম মনে হয় বরাকরকে"- কোন্ প্রসঙ্গে গল্পকথকের

## Section-D

## Creative Writing

16. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো : 1+2+3=6

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: একুশে সেপ্টেম্বর বিশ্ব অ্যালজাইমার্স দিবস উপলক্ষে অ্যালজাইমার্স এন্ড রিলেটেড সোসাইটি অফ ইন্ডিয়া কলকাতা চ্যাপ্টারের আয়োজনে হয়ে গেল এক সভা। সেখানে রোগের বিভিন্ন কারণ, ঝুঁকি বা প্রতিরোধ সম্পর্কে হল আলোচনা। ডিমেনশিয়ার

বিভিন্ন কারণের একটি অ্যালজাইমার্স। মূলত বার্ধক্যে হওয়া এই ডিমেনশিয়া মানুষের গড় আয়ু বৃদ্ধির কারণে বাড়ছে। সঙ্গে আছে আনুষঙ্গিক আরও কারণ। বলা হচ্ছে ২০৩০ সালে বিশ্বে আক্রান্তের সংখ্যা দাঁড়াতে পারে ৬ কোটি ৬০ লক্ষ । তারপর পরবর্তী কুড়ি বছরে সংখ্যাটা বেড়ে হবে প্রায় ১১ কোটি ৫০ লক্ষ। সংখ্যাটা কমাতে হলে প্রাথমিক পর্বের রোগ নির্ণয় এবং প্রতিরোধ জরুরী । গবেষণা বলছে ডিমেনশিয়ার ৪০ শতাংশ জানা, বাকি ষাট শতাংশ অজানা। মনোরোগ চিকিৎসকের বক্তব্যে উঠে এলো শিক্ষার অভাব, হাইপারটেনশন, ডায়াবেটিস, মস্তিষ্কে গুরুতর আঘাত, অতিরিক্ত মদ্যপান, ক্ষীণ শ্রবণশক্তি, স্থূলতা, ধূমপান, বায়ুদূষণ, অবসাদ, শারীরিক পরিশ্রমের অভাবের মতো সেই চল্লিশ শতাংশ কারণ। রোগ প্রতিরোধে ভূমধ্যসাগরীয় খাদ্যাভ্যাসকে মান্যতা দিচ্ছে বিশ্বস্বাস্থ্য সংস্থাও। তাতে ফল, আনাজ, গোটা খাদ্যশস্য, যথাযথ ফ্যাট, সামুদ্রিক খাবার বেশি এবং দুগ্ধজাত খাবার, রেডমিট কম খেতে বলা হচ্ছে।

নিউরো সাইকোলজিস্ট- এর মতে মস্তিষ্কের প্রি-ফ্রন্টাল কর্টেক্স কাজ শুরু করে ১০ থেকে ১২ বছর বয়সে। এর কার্যক্ষমতাই ব্যক্তিত্বের প্রকাশ ঘটায়। ডিমেনশিয়া ও অ্যালজাইমার্স রোগীর ক্ষেত্রে সেটি কাজ করা বন্ধ করে। রোগী ফিরে যান শৈশবের আচরণে। অ্যালজাইমার্স এন্ড রিলেটেড সোসাইটি অফ ইন্ডিয়া -এর সেক্রেটারি জেনারেল নীলাঞ্জনা মৌলিক তিন দশকের অভিজ্ঞতা থেকে বলেন, "চলতি বছরের ওয়ার্ল্ড অ্যালজাইমার্স রিপোর্ট অনুযায়ী আমাদের আরো সচেতন হতে হবে, জাতীয় ডিমেনশিয়া পরিকল্পনা এবং স্বাস্থ্যক্ষেত্রে উন্নত প্রশিক্ষণে গুরুত্ব দিতে হবে।"

**CBQ** a. উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b. ডিমেনশিয়ার যে কোনো দুটি কারণ উল্লেখ করো।

c. তিনটি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত করো।

**CBQ** 17. তোমার পাড়ার একটি ক্লাব মেয়েদের জন্য ক্যারাটে প্রশিক্ষণের ক্লাস শুরুর পরিকল্পনা গ্রহণ করেছে - এই বিষয়ে একটি বিজ্ঞাপন রচনা করো(৫০ টি শব্দের মধ্যে)। 6

**OR**

তোমার এলাকার এক ব্যক্তি ইসরোর সাম্প্রতিক কর্মকাণ্ডে অংশ নেওয়ার অভিজ্ঞতাকে নিয়ে ফিরে এসেছেন । তিনি তাঁর এলাকার উৎসাহী ছেলেমেয়েদের এই বিষয়ে বিশেষ পড়াশোনা ও অন্যান্য বিষয় সম্পর্কে অবহিত করে তোলার জন্য এক প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে চান।- এই বিষয় অবলম্বনে একটি বিজ্ঞাপন রচনা করো(৫০ টি শব্দের মধ্যে)।

---